বাংলাদেশের ফুটবল উন্মাদনায় মুগ্ধ মার্কিন কূটনীতিকরা



ছবি: সংগৃহীত

বিশ্বকাপ ফুটবলকে ঘিরে বাংলাদেশের মানুষের উচ্ছ্বাস ও সমর্থন দেখে মুগ্ধ হয়েছেন ঢাকায় নিযুক্ত দুই মার্কিন কূটনীতিক। তাদের মতে, ক্রিকেটপ্রধান দেশ হিসেবে পরিচিত হলেও ফুটবলের প্রতি বাংলাদেশিদের আবেগ সত্যিই ব্যতিক্রমী।

যুক্তরাষ্ট্রের কনস্যুল জেনারেল অ্যালবার্ট আর সেয়া বলেন, বাংলাদেশে এসে বিভিন্ন দেশের জার্সি, পতাকা ও বিশ্বকাপকে ঘিরে উৎসবমুখর পরিবেশ দেখে তিনি বিস্মিত হয়েছেন। তার মতে, আর্জেন্টিনা ও ব্রাজিলের সমর্থক বেশি হলেও এটি বাংলাদেশের মানুষের ফুটবলজ্ঞান ও আগ্রহেরই প্রতিফলন।

সম্ভাব্য আর্জেন্টিনা-ব্রাজিল ফাইনাল হলে ঢাকার উদযাপন দেখার ইচ্ছার কথাও জানান তিনি। পাশাপাশি আশা প্রকাশ করেন, ভবিষ্যতে যুক্তরাষ্ট্রেরও আরও বেশি সমর্থক তৈরি হবে বাংলাদেশে।

ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাসের ডিরেক্টর অব পাবলিক এনগেজমেন্ট স্কট হার্টম্যান বলেন, বাংলাদেশ বিশ্বকাপে না খেললেও এখানকার মানুষ টুর্নামেন্টটিকে নিজেদের উৎসব হিসেবে উদযাপন করে। একই পরিবারের সদস্যদের ভিন্ন দলের সমর্থক হওয়াও তার কাছে দারুণ লেগেছে।

দুই মার্কিন কূটনীতিকই আশা প্রকাশ করেন, একদিন যুক্তরাষ্ট্র বিশ্বকাপের ফাইনালে খেলবে এবং বাংলাদেশে দেশটির সমর্থনও বাড়বে।